

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৯২.০০১.২৩-১২৫

তারিখ : ১১ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ
২৬ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয় : চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে “শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪” এবং যুব সংগঠনসমূহকে অনুদান প্রদানের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে “শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪” এবং যুব সংগঠনসমূহকে প্রকল্পভিত্তিক অনুদানের প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে উল্লিখিত কার্যক্রম দুটো সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের তীর কার্যালয় হতে নির্দেশনা প্রদান করা প্রয়োজন। বিজ্ঞপ্তি প্রকাশ, আবেদনপত্র প্রেরণের সময়সীমা সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ :

ক. শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪ :


১. বিজ্ঞপ্তি প্রকাশ: বাংলাদেশ প্রতিদিন, প্রকাশের তারিখ : ১৬.১১.২০২৩ খ্রি.
The Daily Observer, প্রকাশের তারিখঃ ১৬.১১.২০২৩ খ্রি.
২. আবেদন প্রেরণের নির্ধারিত সময় :
(ক) আবেদন দাখিল : ১৫.১১.২০২৩ খ্রি. হতে ৩১.১২.২০২৩ খ্রি.
(খ) উপজেলা কমিটির ক্ষেত্রে : ০১.০১.২০২৪ খ্রি. হতে ১৫.০১.২০২৪ খ্রি.
(গ) জেলা কমিটির ক্ষেত্রে : ১৬.০১.২০২৪ খ্রি. হতে ০৪.০২.২০২৪ খ্রি.

খ. যুব সংগঠনসমূহকে অনুদান প্রদান:

১. বিজ্ঞপ্তি প্রকাশ: বাংলাদেশ প্রতিদিন, প্রকাশের তারিখঃ ৩০.১০.২০২৩ খ্রি.
দৈনিক যুগান্তর, প্রকাশের তারিখঃ ৩০.১০.২০২৩ খ্রি.
২. আবেদন প্রেরণের নির্ধারিত সময় :
(ক) অনলাইন আবেদন দাখিল: ৩০.১০.২০২৩ খ্রি. হতে ১৪.১২.২০২৩ খ্রি.
(খ) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার (মেট্রোপলিটন যুব ইউনিট থানা কর্মকর্তাসহ) ক্ষেত্রে:
১৫.১২.২০২৩ খ্রি. হতে ৩১.১২.২০২৩ খ্রি.
(গ) অতিরিক্ত জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসারের ক্ষেত্রে:
০১.০১.২০২৪ খ্রি. হতে ১০.০১.২০২৪ খ্রি.
(ঘ) জেলা কমিটি কর্তৃক মন্ত্রণালয়ে প্রেরণ: ১১.০১.২০২৪ খ্রি. হতে ৩০.০১.২০২৪ খ্রি.

২। এমতাবস্থায়, নিম্নোক্ত বিষয়গুলোর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- (ক) “শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪” এবং যুব সংগঠনসমূহকে অনুদান প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান।
- (খ) মাঠ পর্যায়ে বহুল প্রচারের ব্যবস্থাসহ পুরস্কার বিজ্ঞপ্তি এবং অনুদানের বিজ্ঞপ্তির শর্তাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক সকল জেলা ও উপজেলা (মেট্রোপলিটন যুব ইউনিট থানাসহ) থেকে যাতে অধিক সংখ্যক আবেদন পাওয়া যায় সে বিষয়ে মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।
- (গ) যুব সংগঠনসমূহকে অনুদান প্রদানের নিমিত্ত ইতঃপূর্বে প্রেরিত মন্ত্রণালয়ের নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক উপজেলা ও জেলা পর্যায়ে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করে অনলাইনের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণে মাঠ পর্যায়ে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান।
- (ঘ) “শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪” প্রদান উপলক্ষে ইতঃপূর্বে প্রেরিত মন্ত্রণালয়ের নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক উপজেলা ও জেলা পর্যায়ে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করে চাহিত তথ্যাদি বিনা ব্যর্থতায় আগামী ০৭ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি. তারিখ বিশেষ বাহক মারফত এ মন্ত্রণালয়ে প্রেরণে মাঠ পর্যায়ের সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান।


২৬.১১.২০২৩
মোঃ রবিউল ইসলাম
উপসচিব
ফোন : ২২৩৩৮৫১৮৬

মহাপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর

অনুলিপি, জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। যুগ্মসচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপসচিব (যুব-১ অধিশাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন শাখা
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

নথি নং- ৩৪.০১.০০০০.০২৬.৩৩.১৩৮.২১-১১১৬

তারিখ- ২৬ নভেম্বর ২০২৩ খ্রি।


পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুলিপি প্রেরণ করা হলো।

অনুলিপি: সদয় কার্যার্থে:

- ০১। উপপরিচালক----- (সকল জেলা), যুব উন্নয়ন অধিদপ্তর।
- ০২। প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/থানা যুব উন্নয়ন কর্মকর্তা----- (সকল), উপজেলা/থানা----- (সকল) জেলা।

সদয় জ্ঞাতার্থে:

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। উপসচিব (যুব-১ শাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। অফিস কপি।


(অঞ্জলী রানী হাওলাদার)
সহকারি পরিচালক
বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন
ফোন-০২-২২৩৩৮৯৩১০